দৈনিক ইনকিলাব

তারিখ 09 NOV 2007
পৃষ্ঠা ১২ কলাম ৪

# সেশনজটে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় চার বছরের কোর্সে লাগে আট বছর

জাবি সংবাদদাতা

জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হচ্ছে ছাত্র জীবন। আর এখান থেকে যদি নষ্ট হয়ে যায় কয়েকটি বছর, তাহলে অন্ধকার হয়ে আসে জীবনের অনেক আশা-প্রত্যাশা। সেশনজটের অভিশাপে এমনই ভোগান্তির শিকার হচ্ছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। চার বছরের কোর্সে সময় লাগে পাঁচ বছর থেকে আট বছর পর্যন্ত। রাজনৈতিক অস্থিরতা, শিক্ষকদের ক্লাস না নেয়া, সময়মত কোর্স শেষ না করা, বিভিন্ন সময়ে দাবী আদায়ের আন্দোলন এবং কর্তৃপক্ষের অসচেতনাই এর জন্য দায়ী বলে মনে করেন সাধারণ শিক্ষার্থীরা। সূত্রমতে, একটি আধুনিক শিক্ষা ব্যবস্থার প্রবর্তক হিসেবে ১৯৭০ সালে প্রতিষ্ঠিত হয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। পাকিস্তানের ইসলামাবাদ বিশ্ববিদ্যালয়কে মডেল হিসেবে ধরা হয়। উদ্দেশ্য ছিল কিছু সুনির্বাচিত বিষয়ে খুবই উচ্চমানের শিক্ষাদান ও গবেষণার সুযোগ সৃষ্টি করা। সেই থেকেই যাত্রা শুরু। কিন্তু নব্বই-এর দশক থেকে পৃঃ ১১ঃ কঃ ৩

# সেশনজটে জাহাঙ্গীরনগর

১১ এর পৃষ্ঠার পর

শুরু হয় নিয়মিত সেশনজট। ১৯৯২ সালের আগে কোন সেশনজট ছিল না। গত এক যুগে এই সেশনজটের সৃষ্টি। এ সময়ের মধ্যে বিভিন্ন আন্দোলনের জন্য একাডেমিক কার্যক্রম প্রায় ছয় মাস পিছিয়ে পড়ে। জোট সরকারের গত পাঁচ বছরে বিশ্ববিদ্যালয় অনির্ধারিতভাবে বন্ধ থাকে প্রায় তিন মাস। গত এক বছরে অনির্ধারিত বন্ধ থাকে প্রায় এক মাস। এই বছরেই দু'সহস্রাধিক ক্লাস আর পাঁচ শতাধিক পরীক্ষা পেছাতে বাধ্য হয়েছে কর্তৃপক্ষ। তবে বর্ষ পরীক্ষার খাতা মূল্যায়ন এবং ফলপ্রকাশে বিলম্বের কারণে সমস্যা আরো বৃদ্ধি পাচ্ছে। ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের ক্লাস সাত মাস আগে শুরু হলেও নৃবিজ্ঞান বিভাগে এখনো ক্লাস শুরু হয়নি। অর্থনীতি বিভাগে ১৯৯৯-২০০০ সেশনের মাস্টার্স পরীক্ষা শেষ হবে ২০০৮ সালে। এখানে চার বছরের অনার্স আর এক বছরের মাস্টার্সে সময় লাগছে আট বছর। অর্থাৎ অর্থনীতি বিভাগে সেশনজট তিন বছর। মাইক্রোবায়োলজি বিভাগে সেশনজট রয়েছে দুই বছরের বেশী। এছাড়া নাটক ও নাট্যতত্ত্ব, ভূতাত্ত্বিক বিজ্ঞান, ইংরেজী, প্রাণ রসায়ন ও প্রাণীবিজ্ঞান বিভাগে সেশনজট রয়েছে প্রায় দেড় থেকে দুই বছর। সেশনজটের কারণে অনেক শিক্ষার্থীর চাকরির বয়সসীমা শেষ হচ্ছে ছাত্র জীবনেই। ফলে তারা বঞ্চিত হচ্ছে সরকারী-বেসরকারী বিভিন্ন চাকরি হতে। আবার অনেক দরিদ্র পরিবারের পক্ষে লেখাপড়ার এই অতিরিক্ত খরচ যোগানো কঠিন হয়ে পড়ছে। তবে সেশনজটের এই সমস্যা সমাধানের চেষ্টা চলছে বলে জানালেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক [illegible]